

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট

- সভাপতি : জনাব মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সভার তারিখ : ১/৯/২০২২ খ্রিঃ।
সভার সময় : সকাল ১০.০০টা।
উপস্থিতি : হাজিরা খাতায় সংরক্ষিত।

উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সভাপতি মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি), সদস্য সচিব, এবং সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় অনুমোদন ও নিরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহোদয় সকলকে আলোচনার আহ্বান করলে সকলে ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন। সদস্য সচিব এবং সদস্যগণ তাদের আলোচনায় বলেন যে, রামপাল উপজেলায় এলজিইডির অনেক সড়ক রোড ইনভেন্টরীতে অর্ন্তভুক্ত হয়নি। কিন্তু সড়কসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সড়কগুলোর উন্নয়ন করার জন্য ইনভেন্টরীতে অর্ন্তভুক্ত থাকা প্রয়োজন। ফলে উল্লেখিত সড়কসমূহ এলজিইডি রোড ইনভেন্টরীতে অর্ন্তভুক্ত করনের প্রস্তাব অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হল।

সিদ্ধান্তঃ : উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, সড়কসমূহ এলজিইডি রোড ইনভেন্টরীতে অর্ন্তভুক্ত করনের জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি) ১/৯/২০২২

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।

স্মারক নং-৪৬.০২.০১৭৩.০০০.০৬.০০১.২১-২৬/১(৩)
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।
০২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
০৩। অফিস কপি।

তারিখঃ ০১/০৯/২০২২খ্রিঃ

মোঃ গোলজার হোসেন
সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন
কমিটি ও
উপজেলা প্রকৌশলী
রামপাল, বাগেরহাট।